# মজুরী ও সুযোগ সুবিধার নীতিমালা ও পদ্ধতি (Wage and Benefit Policy & Procedure)

| ডকুমেন্ট নং (Document No) | ইস্যু তারিখ (Issue Date) | রিভিশন নং (Revision No) | রিভিশন তারিখ (Revision Date) | অনুমোদনকারী (Approved By) |
|---|---|---|---|---|
| | | | | |

**সূচনা ঃ** প্রতিটি শ্রমিক, কর্মচারী, কর্মকর্তা তার প্রদত্ত পারিশ্রমিকের বিনিময়ে নিয়োগকর্তার নিকট হতে আইন ও যোগ্যতা অনুযায়ী পারিশ্রমিক এবং কিছু প্রয়োজনীয় সুযোগ সুবিধা প্রাপ্য হয়ে থাকেন। ইহা ব্যতিত নিয়োগকর্তা তার কর্মীদেরকে অতিরিক্ত কিছু সুযোগ সুবিধা দিয়ে থাকেন যা কারখানার সুষ্ঠ পরিবেশ বজায় রাখার পাশাপাশি কর্মীদের কাজের উৎসাহ বৃদ্ধি করে। -------------গ্রুপ তার কর্মীদেরকে আইন ও যোগ্যতা অনুযায়ী পারিশ্রমিক এবং কিছু প্রয়োজনীয় সুযোগ সুবিধার পাশাপাশি অতিরিক্ত সুযোগ সুবিধা দিয়ে থাকে।

**উদ্দেশ্য ঃ** আইন, কোম্পানীর নীতি ও কর্মীর যোগ্যতা অনুযায়ী সকল কর্মীর (শ্রমিক, কর্মচারী, কর্মকর্তা) মজুরী ও সুযোগ সুবিধাদি নিশ্চিত করা।

**বিস্তারিত ঃ** নিম্নে -------------গ্রুপ এর সকল কারখানার কর্মীদের জন্য মজুরী ও সুযোগ সুবিধা নীতিমালা তুলে ধরা হল।

**১। বেতন গ্রেড ঃ** -------------গ্রুপ সর্বদা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের, শ্রম মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন / গেজেট নোটিফিকেশনে উল্লেখিত মজুরী-কাঠামো অনুসরণ করে থাকে, যা নিম্নরূপঃ

**শ্রমিকদের জন্য প্রজোয্য মজুরী কাঠামো ঃ (তফসিল ”ক”)**

| ক্রঃ নং | গ্রেড | মূল মজুরী (টাকা) | বাড়ীভাড়া ভাতা (টাকা) (মূল মজুরীর ৫০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | খাদ্য ভাতা (টাকা) | সর্বমোট মজুরী (টাকা) | বাৎসরিক মজুরী বৃদ্ধির হার (৫%) |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ১ | ১০৪৪০ | ৫২২০ | ৬০০ | ৩৫০ | ৯০০ | ১৭৫১০ | ৫% |
| ২ | ২ | ৮৫২০ | ৪২৬০ | ৬০০ | ৩৫০ | ৯০০ | ১৪৬৩০ | ৫% |
| ৩ | ৩ | ৫১৬০ | ২৫৮০ | ৬০০ | ৩৫০ | ৯০০ | ৯৫৯০ | ৫% |
| ৪ | ৪ | ৪৯৩০ | ২৪৬৫ | ৬০০ | ৩৫০ | ৯০০ | ৯২৪৫ | ৫% |
| ৫ | ৫ | ৪৬৭০ | ২৩৩৫ | ৬০০ | ৩৫০ | ৯০০ | ৮৮৫৫ | ৫% |
| ৬ | ৬ | ৪৩৭০ | ২১৮৫ | ৬০০ | ৩৫০ | ৯০০ | ৮৪০৫ | ৫% |
| ৭ | ৭ | ৪১০০ | ২০৫০ | ৬০০ | ৩৫০ | ৯০০ | ৮০০০ | ৫% |
| ৮ | **শিক্ষানবিসঃ**<br>(ক) শিক্ষানবিশকাল হইবে ৩ (তিন) মাস।<br>(খ) শিক্ষানবিশকালীন শিক্ষনবিস শ্রমিক প্রশিক্ষণ ভাতা হিসাবে মাসিক সর্বসাকুল্যে ৫৯৭৫ (পাঁচ হাজার নয়শত পচাত্তর) টাকা প্রাপ্ত হইবেন।<br>(গ) একজন শ্রমিকের শিক্ষানবিসীকাল আরও ৩ (তিন) মাস বৃদ্ধি করা যাইবে যদি কোন কারনে প্রথম ৩ (তিন) মাস শিক্ষানবিসীকালে তাহার কাজের মান নির্ণয় করা সম্ভব না হয়। শিক্ষানবিসীকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইবার পর শিক্ষানবিস শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন। | | | | | | | |

<u>কর্মচারীদের জন্য প্রজোয্য মজুরী কাঠামো</u> ঃ (তফসিল ”খ”)

| ক্রঃ নং | গ্রেড | মূল বেতন (টাকা) | বাড়ীভাড়া ভাতা (টাকা) (মূল বেতনের ৫০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | খাদ্য ভাতা (টাকা) | সর্বমোট বেতন (টাকা) | বাৎসরিক বেতন বৃদ্ধির হার (৫%) |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ১ | ৮১৫০ | ৪০৭৫ | ৬০০ | ৩৫০ | ৯০০ | ১৪০৭৫ | ৫% |
| ২ | ২ | ৬৩০০ | ৩১৫০ | ৬০০ | ৩৫০ | ৯০০ | ১১৩০০ | ৫% |
| ৩ | ৩ | ৫৯৫০ | ২৯৭৫ | ৬০০ | ৩৫০ | ৯০০ | ১০৭৭৫ | ৫% |
| ৪ | ৪ | ৪৩৫০ | ২১৭৫ | ৬০০ | ৩৫০ | ৯০০ | ৮৩৭৫ | ৫% |
| ৫ | শিক্ষানবিসঃ<br>(ক) শিক্ষানবিসীকাল হইবে ৬ (ছয়) মাস।<br>(খ) শিক্ষানবিসকালীন শিক্ষানবিস কর্মচারী প্রশিক্ষণ ভাতা হিসাবে মাসিক সর্বসাকুল্যে ৬১৬৪/- (ছয় হাজার এক শত চৌষট্টি) টাকা প্রাপ্ত হইবেন।<br>(গ) শিক্ষানবিসীকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইবার পর শিক্ষানবিস কর্মচারী সংশ্লিষ্ট গ্রেডের কর্মচারী হিসাবে নিযুক্ত হইবেন। | | | | | | | |

২। <u>সর্বমোট মজুরী/বেতন</u> = মূল মজুরী/বেতন + বাড়ী ভাড়া ভাতা + চিকিৎসা ভাতা + যাতায়াত ভাতা + খাদ্য ভাতা।

উল্লেখ্য যে, কোন শ্রমিক/ কর্মচারী/ কর্মকর্তা কর্মক্ষেত্রে অনুপস্থিত থাকলে কোম্পানী বিশেষ বিবেচনায় উক্ত শ্রমিক/ কর্মচারী/ কর্মকর্তাকে উক্ত অনুপস্থিত দিনের পূর্ণ ”যাতায়াত ও খাদ্য ভাতা” প্রদান করিতে পারেন অথবা কর্তন করিতে পারিবেন।

৩। **<u>মজুরী /বেতন বৃদ্ধিঃ</u>** কর্মীদেরকে বাৎসরিক নূন্যতম ৫% হারে মজুরী/বেতন বৃদ্ধি করা হয়। এছাড়াও অধিকযোগ্যতা মম্পন্ন কর্মীকে বাৎসরিক ভিত্তিতে মূল মজুরী/বেতনের নূন্যতম ৫% এর চেয়ে আরও বেশী হারে মজুরী/বেতন বৃদ্ধি করা হয়।

৪। **<u>কাজের সময়</u> (ধারা ১০০-১১৩)**

(ক) সাধারণ পালা ঃ সকাল ৮ টা থেকে ৫ টা (দুপুরে ১ ঘন্টা খাবার বিরতি সহ)। এক্ষেত্রে সকাল ৮ ঘটিকার ৩০ মিনিট পূর্বে অর্থাৎ সকাল ৭.৩০ এর পূর্বে কিংবা বিকাল ৫ ঘটিকার ৩০ মিনিট পরে অর্থাৎ ৫.৩০ এর পরে কোন শ্রমিক তার হাজিরা কার্ড পাঞ্চ করলে (কার্যে যোগদানের উদ্দেশ্যে কারখানায় প্রবেশ কিংবা কার্যশেষে কারখানা ত্যাগ করে) তাহলে উক্ত সময়কে তার অতিরিক্ত কর্মসময় হিসাবে গণ্য করে প্রাপ্য মজুরী পরিশোধ করা হবে।

(খ) কর্মঘন্টা ঃ প্রতিদিন ৮ ঘন্টা হিসাবে সপ্তাহে ৪৮ ঘন্টা।

(গ) ওভার টাইম ঃ প্রতিদিন ২ ঘন্টা হিসাবে সপ্তাহে ১২ ঘন্টা।

(ঘ) সাপ্তাহিক ছুটি ঃ শুক্রবার অথবা পালাক্রমে সপ্তাহের যে কোন একদিন।

৫। **<u>ওভার টাইম প্রতি ঘন্টা</u>** <u>(মূল মজুরীর দ্বিগুণ হারে)</u>= $\frac{\text{মূল মজুরী} \times ২}{\text{২৬ দিন} \times \text{৮ ঘন্টা}}$

৬। **<u>বেতন ও ভাতা পরিশোধ</u>** ঃ পরবর্তী মাসের ০৭ কর্মদিবসের মধ্যে।

৭। **<u>উৎসব বোনাস</u> ঃ** আইন অনুযায়ী কর্মীদেরকে বৎসরে দুই ঈদে দুটি (২ টি) উৎসব বোনাস প্রদান করা হয়।

**পরিশোধ পদ্ধতিঃ** এক্ষেত্রে কারখানার শ্রমিক/কর্মচারী/কর্মকর্তার চাকুরির বয়স অনুযায়ী ৩ মাস, ৬ মাস, ১ বৎসর এর জন্য যথাক্রমে ২৫%, ৫০%, ১০০%, যেক্ষেত্রে যেটি প্রযোজ্য সেই হারে উৎসব বোনাস পেয়ে থাকবেন, যা নিম্নরূপ - যে সকল শ্রমিক/কর্মচারী/কর্মকর্তা কারখানায় **অব্যাহতভাবে ৩ (তিন) মাস** বা তার বেশী কিন্তু ৬ (ছয়) মাসের কম সময় চাকুরী সম্পন্ন করেছেন তারা প্রতি ঈদে **মূল মজুরী/বেতনের এক চতুর্থাশ (২৫%) এর সমপরিমান** ঈদ বোনাস পাবেন। আবার যে সকল শ্রমিক কারখানায় **অব্যাহতভাবে ৬ (ছয়) মাস বা তার বেশী** কিন্তু ১ (এক) বৎসরের কম সময় চাকুরী সম্পন্ন করেছেন তারা প্রতি ঈদে **মূল মজুরী/বেতনের অর্ধেক (৫০%) এর সমপরিমান** ঈদ বোনাস পাবেন। আবার যে সকল শ্রমিক কারখানায় **অব্যাহতভাবে ১ (এক) বৎসর বা তার বেশী** সময় চাকুরী সম্পন্ন করেছেন তারা প্রতি ঈদে **মূল মজুরী /বেতনের সমপরিমান (১০০%)** ঈদ বোনাস পাবেন।

৮। **হাজিরা বোনাসঃ** সকল কর্মদিবসে যথাসময়ে উপস্থিত থাকার শর্তে সকল সুইং ও ফিনিশিং হেলপারগণ মাসিক ২০০/- (দুইশত টাকা) হারে এবং অন্যান্য শ্রমিকগণ মাসিক ৫০০/- (পাঁচশত টাকা) হারে হাজিরা বোনাস পেয়ে থাকেন। কোন শ্রমিক যদি লেট না করে তবে কর্তৃপক্ষ থেকে পাশকৃত ছুটি থাকলেও সে হাজিরা বোনাস পাবে।

৯। **ডিসট্রেস এলাউন্স ঃ** স্টোর এবং ফিনিশিং সেকশনের যে সকল শ্রমিকগণ ভারী মালামাল উঠানো ও নামানোর সহিত জরিত তাদেরকে উক্ত কাজের জন্য মাসিক ২০০/- (দুইশত টাকা) হারে ভাতা প্রদান করা হয়ে থাকে।

১০। **টিফিন ঃ** কোম্পানী কর্মকালীন সময়ে কর্মীদের কাজের উৎসাহ ও গতি বৃদ্ধির জন্য প্রয়োজনে কর্মীদেরকে ২৫ টাকা থেকে ৩০ টাকা মূল্যের টিফিন প্রদান করে থাকে।

১১। **ছুটি (ধারা ১১৪-১১৯)**

(ক) নৈমিত্তিক ছুটি ঃ ১০ দিন (পূর্ণ মজুরীতে)।

(খ) অসুস্থতা জনিত ছুটি ঃ ১৪ দিন (পূর্ণ মজুরীতে)।

(গ) প্রসব জনিত ছুটি ঃ ১৬ সপ্তাহ (৮ সপ্তাহ প্রসব পূর্ববর্তী ও ৮ সপ্তাহ প্রসব পরবর্তী) তবে তাকে অন্ড়তদঃপক্ষে সম্ভাব্য প্রসবের তারিখের পূর্ব দিন পর্যন্ড় ৬ মাস কাজ করতে হবে। ছুটির জন্য চিকিৎসকের প্রত্যয়ন পত্রসহ কোম্পানীর নির্ধারিত ফরমে পূর্বে আবেদন করতে হবে। মাতৃকালীণ ছুটিতে যাওয়ার পূর্ববর্তী ৩ (তিন) মাসে তার প্রাপ্য মোট মজুরী (ওভারটাইম ও বোনাসসহ) এবং সঠিক উপস্থিতির ভিত্তিতে মাতৃকালীণ আর্থিক সুবিধা প্রাপ্য হবে। এ ক্ষেত্রে প্রাপ্য মোট মজুরীকে সঠিক উপস্থিতির দিন দ্বারা ভাগ করে (শুক্রবার বাদে) গড়ে প্রতিদিন যে মজুরী প্রাপ্য হয়, তা প্রসূতীকালীণ ছুটির দিনগুলির সাথে গুণ করে যে পরিমাণ অর্থ হয়, তা মহিলা শ্রমিক প্রাপ্য হবে।

উল্লেখ্য যে, -------------গ্রুপ গর্ভবতী শ্রমিকদের সবসময় বিশেষ সুবিধা দিয়ে থাকে। যেমন- যদি কোন গর্ভবতী শ্রমিক মাতৃত্বজনিত ছুটিতে যাওয়ার পূর্বে কর্মস্থলে অননুমোদিত অনুপস্থিত থাকেন এবং যদি তাহার ছুটির ব্যালেন্স থাকে ও অনুপস্থিতির যথেষ্ঠ কারন থাকে তাহলে তা যাচাই সাপেক্ষে তাহাকে ছুটি প্রদান করা হয়ে থাকে।

(ঘ) পর্ব ছুটি (উৎসব) ঃ ১১ দিন (পূর্ণ মজুরীতে)।

(ঙ) বার্ষিক ছুটি ঃ প্রাপ্ত বয়স্কদের ক্ষেত্রে প্রতি ১৮ দিন কাজের জন্য ১ দিন ছুটি। নব যুবক যুবতীদের ক্ষেত্রে প্রতি ১৫ দিন কাজের জন্য ১ দিন ছুটি (তবে তাদের কারখানায় অব্যাহত ভাবে ১ বৎসর কাজ করতে হবে)।

এবং এই ছুটির ক্ষেত্রে অবোগকৃত ছুটির দিনসমূহের জন্য বিদ্যমান আইন অনুযায়ী ছুটি ও মজুরী প্রদান করা হয় ।

১২। **প্রশিক্ষণ সুবিধা** ঃ -------------গ্রুপ তার কারখানা সমুহে প্রয়োজন অনুযায়ী নিম্নোক্ত প্রশিক্ষন সমুহ পরিচালনা করে থাকে।

(ক) ওরিয়েন্টেশন

(খ) পেশাগত প্রশিক্ষণ।

(গ) ফাষ্ট এইড।

(ঘ) ফায়ার সেফটি।

(ঙ) পিপিই

(চ) অগ্নি মহরা

(ছ) সাধারণ সচেতনতামুলক

(জ) রাসায়নিক দ্রব্য ব্যবহার

(ঝ) নিরাপত্তা ও সিটিপ্যাট

(ঞ) সামাজিক প্রচলিত রোগ ব্যাধী

(ট) পরিবেশ সংক্রান্ত ইত্যাদি।

(ঠ) পরিস্কার পরিচ্ছন্ন ও রক্ষনাবেক্ষন।

১৩। **অন্যান্য সুবিধাদি** (নিশ্চিত করা হয়েছে)

(ক) কর্মরত অবস্থায় অসুস্থ/আহত হলে চিকিৎসা ও ঔষধ সুবিধা।

(খ) প্রাথমিক চিকিৎসা ব্যবস্থা (প্রতি ফ্লোরে)।

(গ) বিশ্রাম ও আহারের জন্য বিরতি।

(ঘ) বিশুদ্ধ খাবার পানির ব্যবস্থা।

(ঙ) ভোজন কক্ষের সুবিধা।

(চ) নব জাতক শিশুকে স্তন পানের প্রয়োজনীয় ব্যবস্থা।

(ছ) কর্মরত অবস্থায় জরুরী প্রয়োজনে স্বল্প সময়ের জন্য গেইট পাস প্রদান।

(জ) হাত মুখ ধোয়ার সুবিধা সহ সকল কল্যাণমূলক ব্যবস্থা।

(ঝ) কারখানা পরিস্কার পরিচ্ছন্ন সহ পর্যাপ্ত আলোর ব্যবস্থা ।

(ঞ) স্বাস্থ্যসম্মতভাবে পুরুষ ও মহিলা শ্রমিকের জন্য আলাদা পায়খানা ও প্রসাব খানার ব্যবস্থা।

(ট) ফায়ার এলার্মের ব্যবস্থা এবং মাঝে মাঝে তা বাজিয়ে পূর্ণ অনুশীলনের ব্যবস্থা।

(ঠ) অগ্নিকান্ডের সতর্কতা পোষ্টারসহ প্রতিটি ফ্লোরে ফায়ার এক্সটিংগুইসারের ব্যবস্থা।

(ড) প্রতিটি ফ্লোরের ইস্কেপ প্লানের ব্যবস্থাসহ তা সকলকে জ্ঞাত করা।

(ণ) ফায়ার ফাইটিং, স্যালভেজ ও কর্ডন পার্টির গঠনসহ প্রশিক্ষনের ব্যবস্থা।

১৪। **<u>বিশেষ সুবিধা (ভাল কার্যক্রম):</u>** -------------গ্রুপ তার কারখানা সমুহে বিভিন্ন সুবিধা দেওয়ার পরও বিশেষ কিছু সুবিধা প্রদান করে থাকে যা নিরুপঃ

(ক) দূর দূরান্ত থেকে শ্রমিকদের কারখানায় আসা যাওয়ার জন্য ফ্রি ট্রান্সপোর্টেশন ব্যবস্থা।

(খ) মানসিক বিনোদনের জন্য শ্রমিক, কর্মচারী, কর্মকর্তা সকলের সম্মিলিত অংশগ্রহনে বাৎসরিক বনভোজনের ব্যবস্থা।

(গ) বিনোদনের উদ্দেশ্যে শ্রমিকদের আগ্রহ বিবেচনা সাপেক্ষে আন্ত লাইন/ আন্ত সেকশন/আন্ত ইউনিট, বিভিন্ন ক্রীড়া প্রতিযোগীতার আয়োজন করা।

(ঘ) -------------গ্রুপের নিজ কারখানার শ্রমিক কর্মচারী কর্মকর্তাদের মেধাবী ছেলে মেয়েদেরকে বাৎসরিক উপবৃত্তি প্রদানের ব্যবস্থা। এছাড়াও কারখানার আশে পাশের শিক্ষাপ্রতিষ্ঠানের মেধাবী ছাত্র ছাত্রীদেরকেও বৃত্তি প্রদান করা হয়ে থাকে।

১৫। **<u>সাক্ষাৎকার গ্রহন ঃ</u>** কোন কর্মচারীর যদি কোন গ্রিভেন্স বা অভিযোগ থাকে তবে তা পরিচালক অথবা প্রশাসনিক প্রধান, কমপ্লায়েন্স প্রধান অথবা ওয়েলফেয়ার অফিসার কর্তৃক সাক্ষাৎকার গ্রহনের মাধ্যমে তাকে অনুপ্রানিত করা হয়।

| প্রস্তাবকারী | পলিসি অনুমোদনকারী | অনুমোদনকারীর স্বাক্ষর |
|---|---|---|
| এইচআর, এডমিন এন্ড কমপ্লায়েন্স বিভাগ | ইনচার্জ - এইচআর, এডমিন এন্ড কমপ্লায়েন্স - সাভার জোন। | |